

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১০২.১৮.০০২.২৩.১১৭

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১
২৫ নভেম্বর ২০২৪

বিষয়: বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন যথাসময়ে দাখিল।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর ২.১ ও ২.৬ নং অনুচ্ছেদ-এ 'গোপনীয় অনুবেদন' ও 'গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের সমসয়সূচি' সম্পর্কে বিস্তারিত উল্লেখ করা হয়েছে। কিন্তু সিআর অধিশাখায় প্রাপ্ত এসিআরসমূহ পর্যালোচনায় দেখা যায় একজন কর্মকর্তার কর্মজীবনের বিভিন্ন বছর/সময়ে বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন প্রযোজ্য হলেও তা যথানিয়মে ও যথাসময়ে দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করা হচ্ছে না। এছাড়াও চাকরি স্থায়ীকরণ, সিনিয়র স্কেলসহ সকল পদোন্নতি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে পদায়নের লক্ষ্যে কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত চাহিত প্রতিবেদন প্রস্তুত করতে গিয়ে বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। এতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ফলে ন্যায় বিচার নিশ্চিত করা যাচ্ছে না, যা খুবই অনাকাঙ্ক্ষিত।

এমতাবস্থায়, "গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০" অনুযায়ী বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন প্রযোজ্য হলে যথাসময়ে গোপনীয় অনুবেদন দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক সিআর অধিশাখায় প্রেরণ নিশ্চিতকরণ অথবা কোন বছর/সময়ে এসিআর প্রযোজ্য না হলে উপযুক্ত প্রমাণক প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৫-১১-২০২৪

মো: মেহেদী-উল-সহিদ

যুগ্মসচিব

ফোন: ৫৫১০০৭৪৬

ইমেইল: crbr@mopa.gov.bd

বিতরণ :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জন বিভাগ
- ৪) সকল সিনিয়র সচিব/সচিব
- ৫) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) রেক্টর, রেক্টর এর দপ্তর, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (নাডা)

- ৭) মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
(এনএপিডি)
- ৮) বিভাগীয় কমিশনার,
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ
- ৯) মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ
বোর্ড (বিকেকেবি)
- ১০) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব
অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
- ১১) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
- ১২) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
- ১৩) জেলা প্রশাসক (সকল)
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম
এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে
প্রকাশের অনুরোধসহ)
- ১৫) সকল উপজেলা নির্বাহী অফিসার